

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৮৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ চুগলী করা হারাম

আরবী

বাংলা

মানুষের মাঝে ফাসাদ ও শত্রুতা সৃষ্টি করার উদ্দেশ্যে বলা কথা লাগিয়ে দেওয়াকে 'চুগলি করা' বলে। মহান আল্লাহ বলেন,

هَمَّازٍ مَشَّاءٍ بِنَميمٍ

অর্থাৎ, (অনুসরণ করো না তার যে, পশ্চাতে নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগিয়ে বেড়ায়। (সূরা নূন ১১)

مَا يَلْفِظُ مِنْ قَوْلِ إِلاَّ لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ

অর্থাৎ, মানুষ যে কথাই উচ্চারণ করে (তা লিপিবদ্ধ করার জন্য) তৎপর প্রহরী তার নিকটেই রয়েছে। (সূরা ক্লা-ফ ১৮)

(২৯৮৭) হুযাইফা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, চুগলখোর জান্নাতে যাবে না।

ফুটনোট

(বুখারী ৬০৫৬, মুসলিম ১০৫, আবূ দাউদ, তিরমিযী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন